NYC Public Schools
Chancellor Kamar H. Samuels

নভেম্বর 2026

প্রিয় পরিবারবর্গ,

নিউ ইয়র্ক সিটি পাবলিক স্কুলস্-এ (NYCPS) আমরা বিশ্বাস করি যে প্রতিটি শিক্ষার্থীর স্কুলে নিরাপদ, স্বাগত, এবং মূল্যায়িত অনুভব করার অধিকার আছে। অভিবাসনের অবস্থা (ইমিগ্রেশন স্ট্যাটাস), কোন দেশ থেকে এসেছে, অথবা বাড়িতে ব্যবহৃত ভাষা যাই হোক না কেন আমাদের স্কুলগুলোতে সকল শিক্ষার্থীর পড়ালেখার সুযোগ রয়েছে।

সেপ্টেম্বরে আমি আমাদের অভিবাসী কমিউনিটিসহ সকল শিক্ষার্থী ও পরিবারকে সহায়তা দেয়ার জন্য আমাদের প্রতিশ্রুতি অবহিত করেছিলাম। আজ, ইমিগ্রেশন আইন প্রয়োগ কার্যক্রম যখন বহু নিউ ইয়র্কবাসীর জন্য অনিশ্চয়তা ও উদ্বেগ সৃষ্টি অব্যাহত রেখেছে, তখন আমি আবারও সেই প্রতিশ্রুতি পুনরায় ব্যক্ত করছি: **আমাদের স্কুলগুলোতে প্রতিটি ছেলেমেয়ের স্থান আছে, এবং প্রতিটি পরিবারই আমাদের স্কুল কমিউনিটির কাছে গুরুত্বপূর্ণ।**

আমরা চাই প্রতিটি পরিবারই যেন সজ্ঞাত, প্রস্তুত, এবং সহায়তাপ্রাপ্ত অনুভব করে, এবং সেজন্যে আমরা সম্প্রতি শিক্ষা বছর শুরু হবার আগে আমাদের অস্থানীয় আইন প্রয়োগকারী (নন-লোকাল ল্য এনফোর্সমেন্ট) সংক্রান্ত নিয়ম-কানুন হালনাগাদ করেছি। এই হালনাগাদে সকালে স্কুলে আসা, দুপুরে স্কুল থেকে ছুটি, বাহ্যিক কর্মকাণ্ড, এবং আফটার স্কুল ও সপ্তাহান্তিক প্রোগ্রাম অন্তর্ভুক্ত হয়েছে। সংযোজিত *ইমিগ্র্যান্ট ফ্যামিলি রাইটস্ অ্যান্ড রিসোর্সেস গাইড (অভিবাসী পরিবারের অধিকার ও তথ্য-সংস্থান সংক্রান্ত গাইড)* শিক্ষার্থী সুরক্ষা, স্কুলে নিরাপত্তা প্রক্রিয়া, জরুরি পরিস্থিতির পরিকল্পনা, ভাষাগত সহায়তা, এবং লভ্য আইনি ও কমিউনিটি তথ্য-সংস্থান সম্পর্কে বাড়তি তথ্য প্রদান করে। এছাড়াও পরিবারেরা আরও জানতে schools.nyc.gov/ProjectOpenArms দেখতে পারেন।

NYCPS শিক্ষার্থীদের বা তাদের পরিবারের ইমিগ্রেশন সংক্রান্ত তথ্য জানতে চায়না বা সন্ধান করে না, এবং আমরা ফেডারেল ও স্টেটের গোপনীয়তা বিষয়ক আইনের সাথে সামঞ্জস্য রেখে শিক্ষার্থীর তথ্য সুরক্ষিত রাখি। এছাড়াও আমরা ইমিগ্রেশন আইন প্রয়োগকারী কর্তৃপক্ষের জবাব দেয়ার সময় কঠোর নিয়ম-কানুন অনুসরণ করি।

আমাদের অভিবাসী পরিবারদের প্রতি আমাদের সুস্পষ্ট প্রতিশ্রুতি: প্রতিটি ছেলেমেয়ে স্বাগত, প্রতিটি পরিবারের প্রতি শ্রদ্ধাশীল আচরণ করা হয়, এবং প্রতিটি শিক্ষার্থীকে সহায়তা দেয়া হয়। আমাদের ক্লাসরুমেই আপনার সন্তানের স্থান। তার শিক্ষা অর্জনে ও সার্বিক কল্যাণে সহায়তা দিতে আমরা আপনার পাশেই আছি।

আপনার সন্তানের শিক্ষায় আমাদের উপর আস্থা রাখার এবং আমাদের স্কুল কমিউনিটির মূল্যবান সদস্য হওয়ার জন্য আপনাকে ধন্যবাদ।

অভিবাসী পরিবারের অধিকার
এবং তথ্য-সংস্থান সংক্রান্ত
গাইডটি দেখতে QR
কোডটি স্ক্যান করুন

অংশীদারিত্বে,

কামার এইচ. স্যামুয়েলস্ (Kamar H. Samuels)
চ্যান্সেলর